খাগড়াছড়িতে ১৪৪ ধারা প্রত্যাহার, স্বাভাবিক হচ্ছে জনজীবন



সংগৃহীত ছবি

খাগড়াছড়ি পৌর এলাকা, সদর ও গুইমারা উপজেলায় ১৪৪ ধারা প্রত্যাহার করেছে জেলা প্রশাসন। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর আগে কিশোরী ধর্ষণ ঘটনার জেরে সহিংসতা ও অবরোধের কারণে ১৪৪ ধারা জারি করা হয়েছিল।

খাগড়াছড়ি জেলার পৌর এলাকা, সদর ও গুইমারা উপজেলায় জারি করা ১৪৪ ধারা তুলে নিয়েছে জেলা প্রশাসন। শনিবার (৪ অক্টোবর) রাত পৌনে ৯টার দিকে জেলা প্রশাসকের স্বাক্ষরিত এক পরিপত্রে এ ঘোষণা দেওয়া হয়।

পরিপত্রে জানানো হয়, বর্তমানে এসব এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় ১৪৪ ধারা প্রত্যাহার করা হয়েছে।

এর আগে শনিবার সকালে সামাজিক যোগাযোগমাধ্যমে অবরোধ কর্মসূচি প্রত্যাহারের ঘোষণা দেয় জুম্ম ছাত্র-জনতা সংগঠন। তারা জানায়, প্রশাসনের পক্ষ থেকে তাদের ৮ দফা দাবির আংশিক বাস্তবায়নের আশ্বাস দেওয়া হয়েছে, যার পরিপ্রেক্ষিতে তারা কর্মসূচি স্থগিত করে।

উল্লেখ্য, গত ২৭ সেপ্টেম্বর সিঙ্গিনালা এলাকায় এক কিশোরী ধর্ষণের অভিযোগকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়ে পড়ে পুরো জেলায়। এর জেরে জুম্ম ছাত্র-জনতা সকাল-সন্ধ্যা অবরোধের ডাক দেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে প্রশাসন ১৪৪ ধারা জারি করে।

তবে ২৮ সেপ্টেম্বর গুইমারার রামেসু বাজারে বিক্ষোভ চলাকালে সহিংসতা ছড়িয়ে পড়ে। আইনশৃঙ্খলা বাহিনী ও অবরোধকারীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় তিনজন নিহত হন।

এখন ১৪৪ ধারা প্রত্যাহারের পর খাগড়াছড়িতে ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে জনজীবন, খুলছে বাজার ও যান চলাচলও ফিরছে নিয়মিত ছন্দে।